41

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JAN 1996 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৮ ...

## ভিকারুননিসা স্কুলের ভর্তি ফিস

১৯৯৬ শিক্ষা বর্ষে ভিকারুননেসা নুন স্কুলের বার্ষিক ভর্তি ফিস কোন কোন শ্রেণীর ক্ষেত্রে দ্বিগুণ এবং ১ম শ্রেণীর ক্ষেত্রে গত বছরের তুলনায় কয়েকগুণ বৃদ্ধি করা হইয়াছে। গত বছর ৫ম শ্রেণীতে ভর্তির ফিস ছিল সর্বমোট ১২৮৫ টাকা। সেই মেয়ের এই বছর ষষ্ঠ শ্রেণীতে ফিস লাগিবে ২৫৬৫ টাকা। এ বৎসর ১ম শ্রেণীতে ভর্তির ফিস ধার্য করা হইয়াছে ৮,৫৯০ টাকা। উহার মধ্যে শুধু উন্নয়ন ফিস ধরা হইয়াছে ৬০০০ টাকা। একটি মাত্র বছরে এইভাবে ভর্তির ফিস বাড়ানোর কোন কারণ আমরা খুঁজিয়া পাইতেছি না। শোনা যায় ভিকারুননিসা স্কুলের নূতন ধানমণ্ডি শাখা খোলার কারণে ছাত্রীদের নিকট হইতে এই বর্ধিত হারে টাকা নেওয়া হইতেছে। কিন্তু আমরা সাধারণ চাকুরীজীবীরা এই অতিরিক্ত অর্থের সংস্থান করিব কোথা হইতে? এই বাজারে অতিরিক্ত টাকা সংগ্রহ করা কতখানি কষ্টসাধ্য তাহা ভুক্তভোগীরাই কেবল জানেন। আশা করি, স্কুল কর্তৃপক্ষ এই বর্ধিত হারে ফিস নেওয়ার সিদ্ধান্ত প্রত্যাহার করিয়া আমার মত সীমিত আয়ের মা-বাবার মেয়েদের এই স্কুলে পড়াইবার সুযোগ হইতে বঞ্চিত করিবেন না।

—জনৈক অভিভাবক।